গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
প্রশিক্ষণ ও প্রচার শাখা

**আগামী ১৫ মার্চ বিশ্ব ভোক্তা-অধিকার দিবস ২০২০ উদযাপন সংক্রান্ত সভার কার্যবিবরণী**

সভাপতি: জনাব বাবলু কুমার সাহা
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর

তারিখ: ২৭ জানুয়ারি ২০২০ — সময়: বিকাল ৩:০০ টা
স্থান: অধিদপ্তরের সম্মেলন কক্ষ

**(সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য)**

সভার শুরুতেই উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অধিদপ্তরের উপপরিচালক (প্রশিক্ষণ ও প্রচার) আগামী ১৫ মার্চ "বিশ্ব ভোক্তা-অধিকার দিবস ২০২০" উদযাপন উপলক্ষ্যে কর্মসূচির খসড়া উপস্থাপন করেন। পরবর্তীতে দিবসের কর্মসূচি নির্ধারণ ও কর্মসূচি বাস্তবায়নে করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রঃ নঃ | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | আগামী ১৫ মার্চ ২০২০ বিশ্ব ভোক্তা-অধিকার দিবসের অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর প্রধান অতিথি হিসাবে উপস্থিতি | মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতির বিষয়ে সার-সংক্ষেপের খসড়া বাণিজ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ২ | আগামী ১৫ মার্চ ২০২০ বিশ্ব ভোক্তা-অধিকার দিবস সফলভাবে উদযাপনের জন্য অধিদপ্তর পর্যায়ে প্রধান কমিটি ও সাব-কমিটি পুনর্বিন্যাস | আগামী ১৫ মার্চ ২০২০ বিশ্ব ভোক্তা-অধিকার দিবস সফলভাবে উদযাপনের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম পরিচালনা ও সমন্বয়ের জন্য গঠিত প্রধান কমিটি (পরিশিষ্ট-খ) ও অন্যান্য সাব-কমিটি (পরিশিষ্ট-গ) পুনর্বিন্যাসের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| ৩ | আগামী ১৫ মার্চ ২০২০ বিশ্ব ভোক্তা-অধিকার দিবসের কর্মসূচির খসড়া প্রস্তুতি | খসড়া কর্মসূচি নির্ধারণ ও কর্মসূচি বাস্তবায়নে করণীয় নির্ধারণ করে (পরিশিষ্ট-ঘ) মহাপরিচালক বরাবর দাখিলের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক (প্রশিক্ষণ ও প্রচার) |
| ৪ | ভেন্যু নির্ধারণ | আগামী ১৫ মার্চ ২০২০ তারিখ বিশ্ব ভোক্তা-অধিকার দিবসের অনুষ্ঠান বঙ্গবন্ধু আর্ন্তজাতিক সম্মেলন কেন্দ্র/ ওসমানী স্মৃতি মিলনায়তনে করার জন্য বাণিজ্য মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক ঢাকা বিভাগীয় কার্যালয় |
| ৫ | স্মরণিকা ও ক্রোড়পত্র প্রকাশ | ক) মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি, বাণিজ্য সচিব মহোদয়, ক্যাবের সভাপতি, এফবিসিসিআই সভাপতি এর বাণী প্রস্তুত করা হয়েছে এবং বাণী স্বাক্ষর গ্রহণের জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বিগত বছরের স্মরণিকায় প্রকাশিত মানসম্মত লেখাগুলি পুণরায় সংযোজন করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) মাঠ পর্যায়ের উপপরিচালকগণ বিশিষ্ট ব্যক্তিবর্গের নিকট হতে লেখা আহবান করার জন্য আরও ১০ দিন সময় দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ), বিভাগীয় উপপরিচালক (সকল) |
| ৬ | বিশ্ব ভোক্তা-অধিকার দিবস ২০২০ উপলক্ষে CI কতৃর্ক নির্ধারিত প্রতিপাদ্য 'The | অধিদপ্তর কর্তৃক বিশ্ব ভোক্তা-অধিকার দিবস ২০২০ উপলক্ষে CI এর নির্ধারিত প্রতিপাদ্যের বাংলা অনুবাদ ' মুজিব বর্ষের অঙ্গীকার, সুরক্ষিত ভোক্তা-অধিকার' শিরোনামে মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় | পরিচালক (প্রশাসন ও অর্থ) |

| | | | |
|---|---|---|---|
| | Sustainable Consumer' এর বাংলা অনুবাদ | | |
| ৭ | প্রিন্ট/ ইলিকট্রিক মিডিয়ায় প্রচারণা | ক) পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ<br>খ) টিভি স্ক্রলে প্রচার<br>গ) টকশো ও গোল টেবিল বৈঠকের আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) ও উপপরিচালক , ঢাকা বিভাগীয় কার্যালয় |
| ৮ | প্রেস ব্রিফিং | ক) ১৪ মার্চ ২০২০ অথবা সুবিধাজনক সময়ে বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, সচিব মহোদয়ের সমন্বয়ে দিবস উদযাপনের তাৎপর্য ও গৃহীত কর্মসূচির বিষয়ে প্রেস ব্রিফিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) জেলা পর্যায়েও অনুরুপ প্রেস ব্রিফিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) ও জেলা কার্যালয় (সকল) |
| ৯ | খুদে বার্তা | মোবাইল অপারেটরে বিশ্ব ভোক্তা-অধিকার দিবসের শ্লোগান সম্বলিত খুদে বার্তা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপপরিচালক (কার্যক্রম) |
| ১০ | র‍্যালি ও আলোচনা সভা | ক) কেন্দ্রীয়ভাবে বিশ্ব ভোক্তা-অধিকার দিবস উপলক্ষে আলোচনা সভা ও র‍্যালি অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বিভাগ/ জেলা পর্যায়ে জেলা প্রশাসকের সাথে আলোচনা করে আলোচনাসভা ও র‍্যালি অনুষ্ঠান করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি, বিভাগীয় উপপরিচালক (সকল) ও জেলা কার্যালয়ের সহকারী পরিচালক (সকল) |
| ১১ | ট্রাক শো | ক) কেন্দ্রীয়, বিভাগ ও জেলা পর্যায়ে বিশ্ব ভোক্তা-অধিকার দিবসের রেকর্ডকৃত জারিগান সুসজ্জিত ট্রাকে প্রচারণার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কমিটি, বিভাগীয় কার্যালয় (সকল) ও জেলা কার্যালয় (সকল) |
| ১২ | হটলাইন চালুকরণ | বিশ্ব ভোক্তা-অধিকার দিবসের উদ্বোধনী অনুষ্ঠানে হটলাইন চালুর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(বাবলু কুমার সাহা)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন:০২-৮১৮৯৪২৫
ই-মেইল: dg@dncrp.gov.bd

স্মারক নম্বর: ২৬.০৪.০০০০.১১০.২৩.০০৩.১৯.৫৫৬

তারিখ: ২৮ জানুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, (প্রশাসন ও অর্থ বিভাগ / কার্যক্রম ও গবেষণাগার বিভাগ), জাতীয় ভোক্তা -অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
২) একান্ত সচিব, সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়।
৩) উপপরিচালক (সকল), প্রধান কার্যালয় / বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
৪) সহকারী পরিচালক (সকল), প্রধান কার্যালয় / বিভাগীয় কার্যালয় / জেলা কার্যালয় , জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
৫) অফিস কপি।

২৮.০১.২০২০
বিকাশ চন্দ্র দাস
উপপরিচালক (প্রশিক্ষণ ও প্রচার)
ফোন: ০২-৮১৮৯০৪৭